

## 💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ নামাযের নিয়মাবলি রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

দুই সিজদার মাঝের বৈঠকে স্থিরতার গুরুত্ব

দুই সিজদার মাঝে এই বৈঠকে আল্লাহর নবী (ﷺ) স্থির হয়ে বসে যেতেন এবং এতে তাঁর প্রত্যেক হাড় নিজের জায়গায় ফিরে যেত। (আবূদাউদ, সুনান ৭৩৪ নং, বায়হাকী) তিনি নামায ভুলকারী সাহাবীকেও উক্তরুপে বসার আদেশ দিয়ে বলেছিলেন, "এভাবে সোজা ও স্থির হয়ে না বসলে কারো নামায সম্পূর্ণ হবে না।" (আবূদাউদ, সুনান ৮৫৭,হাকেম, মুস্তাদরাক)

এই বৈঠকে তিনি প্রায় ততটা সময় বসতেন, যতটা সময় ধরে তিনি সিজদাহ করতেন। (বুখারী ৭৯২, মুসলিম, সহীহ) কখনো কখনো এত লম্বা বসতেন যে, সাহাবীগণ মনে করতেন, হয়তো তিনি (দ্বিতীয় সিজদাহ করতে) ভুলেই গেছেন। (বুখারী ৮২১ নং, মুসলিম, সহীহ)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2902

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন